

শিক্ষা প্রতিষ্ঠানে সহাবস্থান ও ডাকসু নির্বাচন দাবি ছাত্রদলের ঢাবিতে সাংবাদিকদের সাথে মতবিনিময়

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সহাবস্থান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছে বিরোধীদল বিশেষণির ছাত্র সংগঠন ছাত্রদল। একইসাথে ডাকসুসহ সব-ছাত্র সংসদ নির্বাচনের দাবি জানিয়েছে ছাত্রদল।

গতকাল মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (জুজা) কার্যালয়ে মতবিনিময় সভায় ছাত্রদলের কেন্দ্রীয় এবং বিশ্ববিদ্যালয় শাখার নেতারা এ দাবি জানান। সাংবাদিক সমিতি এ মতবিনিময় সভার আয়োজন করে। সমিতির সভাপতি হাম্বুজ রনির সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আহমেদ জাফরের সভাপনত্বে দুই ঘণ্টাব্যাপী এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় ছাত্রদলের সভাপতি আব্দুল কাদের উইয়া জুয়েল বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহাবস্থান শুধু আমাদের দাবিই নয়, গণতান্ত্রিক অধিকারও। বর্তমান সরকার ও বিশ্ববিদ্যালয় প্রশাসন দীর্ঘদিন ধরে আমাদেরকে সে অধিকার থেকে বঞ্চিত করে রেখেছে। বিশ্ববিদ্যালয়ে আমাদের কোন ধরনের গণতান্ত্রিক কর্মসূচি পালন করতে দেয়া হচ্ছে না। ছাত্র রাজনীতিকে নিষ্ক্রিয় করে দেশকে বিরাজনীতিকরণের ষড়যন্ত্রের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলকে কর্মসূচি পালনে বাধা দেয়া হচ্ছে।

ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিবুর রশিদ হাবিব বলেন, ছাত্রশীপ তাদের রাজনৈতিক দুর্বলতার জন্যই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের নেতাকর্মীদের প্রবেশ করতে দিচ্ছে না। এতে রাজনৈতিক প্রচা এবং সৌহার্দ্যের পরিবেশ নষ্ট হচ্ছে। দুই সংগঠনের নেতৃত্ব বিকাশে এটি বড় বাধা। তাই দ্রুত সহাবস্থান নিশ্চিত করতে হবে। তা না হলে গণতান্ত্রিক এবং নিয়মতান্ত্রিক উপায়ে ছাত্রদল ক্যাম্পাসে সহাবস্থান নিশ্চিতের দাবিতে আন্দোলন কর্মসূচি ঘোষণা করবে।

ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মুহিমুস হাসান হিরু এবং সাধারণ সম্পাদক মাসুদ খান পারভেজও তাদের বক্তব্যে সহাবস্থান নিশ্চিত করার দাবি জানান। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি বজলুল করিম চৌধুরী আবেদ, এস এম ওবায়দুল হক নাসির, রাসিম আহসান, সাদীউল কবীর শীরব, শাহ নাসির উদ্দিন রুমন, মিনহাজুল ইসলাম উইয়া।